

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ১৬, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

তারিখ, ২৬ আশ্বিন ১৪১৪ বাং/১১ অক্টোবর ২০০৭ খ্রিঃ

নং ২৮ (মুঃ প্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৪ আশ্বিন, ১৪১৪ বাং/০৯ অক্টোবর, ২০০৭ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ২৮, ২০০৭

বরিশাল সিটি কর্পোরেশন আইন, ২০০১ (২০০১ সনের ১১নং আইন) এর অধিকতর
সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে বরিশাল সিটি কর্পোরেশন আইন, ২০০১ (২০০১ সনের ১১নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩ (১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই অধ্যাদেশ বরিশাল সিটি কর্পোরেশন (সংশোধন) অধ্যাদেশ, ২০০৭ নামে অভিহিত হইবে।

(৮১৩১)

মূল্য : টাকা ২.০০

২। ২০০১ সনের ১১নং আইন এ নূতন ধারা ১৫ক এর সন্নিবেশ।—বরিশাল সিটি কর্পোরেশন আইন, ২০০১ (২০০১ সনের ১১নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৫ এর পর নিম্নরূপ নূতন ধারা ১৫ক সন্নিবেশিত হইবে, যথা :—

“১৫ক। কমিশনারগণের সম্মানীভাতা।—কর্পোরেশন এর সাধারণ আসন ও সংরক্ষিত আসনের কমিশনারগণ সরকারের অনুমোদনক্রমে কর্পোরেশন কর্তৃক নির্ধারিত হারে কর্পোরেশনের তহবিল হতে মাসিক সম্মানী ভাতা প্রাপ্য হইবেন।”।

৩। ২০০১ সনের ১১নং আইন এর ধারা ১৮ এর সংশোধন।—উক্ত আইন এর ধারা ১৮ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১৮ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“১৮। প্যানেল মেয়র।—(১) কর্পোরেশন গঠিত হওয়ার পর প্রথম অনুষ্ঠিত সভার এক মাসের মধ্যে অগ্রাধিকারক্রমে তিন সদস্যবিশিষ্ট একটি প্যানেল মেয়র কমিশনারগণ তাহাদের নিজেদের মধ্য হইতে নির্বাচন করিবেন :

তবে শর্ত থাকে যে, নির্বাচিত তিন জন প্যানেল মেয়রের মধ্যে একজন সংরক্ষিত মহিলা কমিশনারদের মধ্য হইতে নির্বাচিত হইবেন।

- (২) উপ-ধারা (১) অনুযায়ী কমিশনারগণের মধ্য হইতে প্যানেল মেয়র নির্বাচিত না হইলে সরকার একটি প্যানেল মেয়র মনোনীত করিবে।
- (৩) অনুপস্থিতি, অসুস্থ্যতাহেতু বা অন্য যে কোন কারণে মেয়র দায়িত্ব পালনে অসমর্থ হইলে তিনি পুনরায় স্থায়ী দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত মেয়র প্যানেল অগ্রাধিকারক্রমে মেয়রের দায়িত্ব পালন করিবেন।
- (৪) পদত্যাগ, অপসারণ, মৃত্যুজনিত অথবা অন্য যে কোন কারণে মেয়রের পদ শূন্য হইলে নূতন মেয়র কার্যভার গ্রহণ না করা পর্যন্ত মেয়র প্যানেল অগ্রাধিকারক্রমে মেয়রের দায়িত্ব পালন করিবেন।”।

প্রফেসর ডঃ ইয়াজউদ্দিন আহম্মেদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

তারিখ : ২৬-০৬-১৪১৪ বঙ্গাব্দ
১১-১০-২০০৭ খ্রিস্টাব্দ।

কাজী হাবিবুল আউয়াল
ভারপ্রাপ্ত সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।